

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

(শুষ্ক)

স্থায়ী আদেশ নং ৪৮/৯৮/শুষ্ক

তারিখঃ ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাংলা
১১ই জুন, ১৯৯৮ ইংরেজী

বিষয়ঃ আমদানী পণ্য চালানের কায়িক পরীক্ষা (Physical Examination) পদ্ধতির সংস্কার।

আমদানী পণ্য চালানের দ্রুত খালাস নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান পণ্য পরীক্ষা পদ্ধতি নিম্নরূপভাবে সংস্কার করা হলোঃ—

- (১) আমদানীকৃত চালান সমূহের অনধিক ১০% চালান কায়িক পরীক্ষা করা হবে। পরীক্ষার জন্য চালান নির্বাচনে কম্পিউটারের সাহায্যে দৈবচয়ন (Random Selection) পদ্ধতি অনুসরণ করা হবে। যে সমস্ত শুষ্ক স্টেশনে কম্পিউটার ব্যবহারের সুবিধা নাই সেখানে সহকারী কমিশনার বা তদূর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা এই নির্বাচনের দায়িত্ব পালন করবেন। যে সকল স্টেশনে উক্তরূপ পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা পদস্থ নাই সেখানে বর্তমানে প্রচলিত পদ্ধতি বহাল থাকবে।
- (২) পরীক্ষার জন্য নির্বাচিত চালানের মধ্যে কন্টেইনারজাত পণ্যের ক্ষেত্রে অনধিক ১০% কন্টেইনার খোলা হবে এবং উক্ত কন্টেইনারের পণ্য ১০০% পরীক্ষা করা হবে। কন্টেইনারজাত নয় এমন পণ্য সমূহের ক্ষেত্রে পরীক্ষাধীন চালানের অনধিক ১০% পণ্য সম্পূর্ণ পরীক্ষা করা হবে। দৈবচয়নের ভিত্তিতে পরীক্ষার জন্য কন্টেইনার/প্যাকেজ নির্বাচন করা হবে।
- (৩) শুষ্ক ভবন/শুষ্ক স্টেশন এ রক্ষিত রেকর্ড ও তথ্যাদি বিশ্লেষণ করে কমিশনার যদি নিশ্চিত হন যে, কোন বিশেষ শ্রেণীর পণ্য এই আদেশের বহির্ভূত রাখা রাজস্ব সংরক্ষণ ও অসত্য ঘোষণা প্রতিরোধের জন্য প্রয়োজন তবে তিনি এ শ্রেণীর পণ্যকে এই আদেশের আওতা বহির্ভূত রাখতে পারবেন।
- (৪) কোন আমদানী চালান সম্পর্কে যুক্তিযুক্ত সন্দেহ, অভিযোগ কিংবা প্রতিকূল কোন গোপন বা প্রকাশ্য তথ্য বা সংবাদ পাওয়া গেলে উক্ত চালানের ক্ষেত্রে এই পদ্ধতি প্রযোজ্য হবে না।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষর/-
(সৈয়দ গোলাম কিবরীয়া)
দ্বিতীয় সচিব (শুষ্ক)।